



ALL INDIA RADIO SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI/ বাংলা

10 MAY 2024

7:35—7:40 AM IST

রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রংগোজ পেগু জানান যে এবছর আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের অধীন উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায় মোট ২ লক্ষ ৭৩ হাজার ৯০৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হয়ে ২ লক্ষ ৪২ হাজার ৭৯৪ জন উত্তীর্ণ হয়েছে।

এরমধ্যে কলা শাখায় ৮৯ দশমিক ১-৮ শতাংশ, বিজ্ঞান শাখায় ৮৯ দশমিক ৮-৮ শতাংশ, বানিজ্য শাখায় ৮৭ দশমিক ৮-০ শতাংশ এবং বৃত্তিমুখী শাখায় ৮৫ দশমিক ৭-৮ শতাংশ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। কলা শাখায় ৪০ হাজার চারশ নব জন প্রথম বিভাগে, ৬৫ হাজার ৫৩২ জন দ্বিতীয় বিভাগে এবং ৭২ হাজার ৭৭৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। বিজ্ঞান শাখায় ২৩ হাজার ৫৫২ জন প্রথম বিভাগে, ১৭ হাজার ৩৩৯ জন দ্বিতীয় বিভাগে এবং ৮ হাজার ৬২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। অন্যদিকে বানিজ্য শাখায় ৫ হাজার ৯১৫ জন প্রথম বিভাগে, ৬ হাজার ৮৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৩ হাজার ১৯৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। বৃত্তিমুখী শাখায় ১৬৩ জন প্রথম বিভাগে, ৪৪৫ জন দ্বিতীয় বিভাগে এবং ১৪০ জন পরীক্ষার্থী তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

এদিকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষার ঘোষিত ফলাফল অনুযায়ী কলা শাখায় বাক্স জেলা প্রথম স্থান, নলবারী জেলা দ্বিতীয় ও দুর্গ জেলা তৃতীয় স্থান লাভ করেছে। অন্যদিকে বিজ্ঞান শাখায় তামুলপুর এবং শিবসাগর জেলা প্রথম স্থান লাভ করার বিপরীতে বাক্স এবং যোরহাট জেলা দ্বিতীয় স্থান এবং বরপেটা ও কামরূপ জেলা তৃতীয় স্থান লাভ করেছে। অনুরূপভাবে বানিজ্য শাখায় বজালী জেলা প্রথম স্থান, বাক্স ও তামুলপুর জেলা দ্বিতীয় স্থান এবং বরপেটা ও নগাঁও জেলা তৃতীয় স্থান লাভ করেছে।

উল্লেখ্য এবছর প্রথম মেধা তালিকা ছাড়া উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষার ফল ঘোষণা করা হয়েছে।

---

বরাক উপত্যাকার তিন জেলায়ও এবছরের উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় আশানুরূপ ফল লাভ করতে সক্ষম হয়েছে। তিনজেলার মধ্যে করিমগঞ্জ জেলা কলা এবং বিজ্ঞান বিভাগে সেরা ফল লাভ করেছে। বানিজ্য বিভাগে কাছাড় জেলা সেরা ফল লাভ করেছে। কাছাড় জেলায় কলা বিভাগে মোট ৮ হাজার ৮৮০ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৫৮৯ জন উত্তীর্ণ হয়েছে। ১ হাজার ৩১৫ জন প্রথম বিভাগে, ২ হাজার ২৫৬ জন দ্বিতীয় বিভাগে এবং ৩ হাজার ১৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। পাশের হার ৭৪ দশমিক ২-১ শতাংশ। বিজ্ঞান শাখায় মোট ১ হাজার ৯১০ জন অবতীর্ণ হয়েছিল এরমধ্যে ১ হাজার ৫৭২ জন উত্তীর্ণ হয়েছে। প্রথম বিভাগে ৮৬৫ জন, দ্বিতীয় বিভাগে ৫১৩ এবং তৃতীয় বিভাগে ১৯৪ জন উত্তীর্ণ। পাশের হার ৮২ দশমিক ৩-০ শতাংশ। বানিজ্য শাখায় মোট ১ হাজার ২৫ জন অবতীর্ণ হয়েছিল। এর মধ্যে ৯১৭ জন উত্তীর্ণ। প্রথম বিভাগে ৩৯৫ জন, দ্বিতীয় বিভাগে ৪০৫ জন এবং তৃতীয় বিভাগে ১১৭ জন উত্তীর্ণ। পাশের হার ৮৯ দশমিক ৪-৬ শতাংশ।

করিমগঞ্জ জেলায় কলা শাখায় মোট ৬ হাজার ৩০৮ জন অবতীর্ণ হয়েছিল। এর মধ্যে ৫ হাজার ৫৮২ জন উত্তীর্ণ হয়েছে। প্রথম বিভাগে ১ হাজার ৯৪২ জন, দ্বিতীয় বিভাগে ২ হাজার ৮৪ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ৫৫৬ জন উত্তীর্ণ হয়েছে। পাশের হার ৮৮ দশমিক ০৭ শতাংশ।

বিজ্ঞান শাখায় মোট অবতীর্ণ ১ হাজার ২২০ জন এর মধ্যে ১ হাজার ৬৮ জন উত্তীর্ণ হয়েছে। প্রথম বিভাগে ৫৯০ জন, দ্বিতীয় বিভাগে ৩৬৩ জন এবং তৃতীয় বিভাগে ১১৫ জন উত্তীর্ণ হয়েছে। পাশের হার ৮৭ দশমিক ৫-৪ শতাংশ। বানিজ্য শাখায় মোট ৪১৯ জন অবতীর্ণ হয়েছিল, এর মধ্যে ৩৫০ জন উত্তীর্ণ হয়েছে। প্রথম বিভাগে ১৩০ জন, দ্বিতীয় বিভাগে ১২২ জন এবং তৃতীয় বিভাগে ৯৮ জন উত্তীর্ণ। পাশের হার ৮৩ দশমিক ৫-৩ শতাংশ।

---

করিমগঞ্জের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের পক্ষ থেকে সোয়াইন ফ্লু প্রতিরোধে কিছু সর্তকতামূলক নির্দেশনা জরী করা হয়েছে। বিভাগ থেকে জানানো হয়েছে যে সংক্রমনের ঝুকি কমাতে শুকর থাকার স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। শুকর পালনের সাথে যুক্ত কৃষক এবং ব্যাঙ্গদের যথাযথ টাকা প্রদান করতে হবে। এছাড়া সংক্রমনের মাত্রা প্রতিরোধ করার জন্য রোগীকে পৃথকভাবে রেখে চিকিৎসা করা সহ চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের রোগীর চিকিৎসা করার সময় মাস্ক, চশমা, এপ্রোন, গ্লাভস পরিধান করতে হবে। সংক্রমিত রোগীদের চিকিৎসা করার পর চিকিৎসক, স্বাস্থ্য কর্মী সহ প্রত্যেক ব্যাঙ্গকে হাত-পা ভালভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করে ধূয়ে নিতে বলা হয়েছে।

---

এস ইউ সি আই (কমিউনিটি) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে সোয়াই ফ্লু ভাইরাসের সংক্রমন প্রতিরোধে উপযুক্ত পদক্ষেপ গ্রহন করতে গতকাল কাছাড়ের জেলা যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডষ্টর আশুতোষ বর্মনের সঙ্গে সাক্ষাৎ করে একটি স্মারক পত্র দেওয়া হয়েছে। স্মারক পত্রে সোয়াই ফ্লু প্রতিরোধে কি ধরনের পদক্ষেপ গ্রহন করা হয়েছে, সে বিষয়ে স্বাস্থ্য বিভাগ থেকে জনগনকে অবগত করতে এবং এই রোগ সম্পর্কে জনসচেতনা বৃদ্ধি করতে দর্বী জানানো হয়েছে। স্মারক পত্র প্রদান কালে প্রতিনিধি দলে দলের জেলা সম্পাদক ভবতোষ চক্ৰবৰ্তী, চাম্পালাল দাস, দিলীপ নাথ, হিঙ্গাল ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল সুত্রে জানানো হয়েছে যে লামড়ি ডিভিশনের অর্তগত জাটঙ্গা লামপুর ও নিউ হাফলং রেল স্টেশনের মধ্যে দুর্ঘটনা প্রবন রেল লাইনের সংস্কার কাজের জন্য আজ ১৫৬১৫ নম্বরের গৌহাটী-শিলচর এক্সপ্রেস এবং ১৫৬১৬ নম্বরের শিলচর-গৌহাটী এক্সপ্রেস ট্রেন পরিষেবা বাতিল করা হয়েছে।

---

শিলচরের রবি ধারা রবীন্দ্র সঙ্গীত চর্চা কেন্দ্রের উদ্যোগে আগামী ১২ই মে শিলচর বঙ্গভবনে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে কবি প্রনাম শত কঠে সহস্র কঠ অনুষ্ঠান পরিবেশিত হবে। উল্লেখ্য এই অনুষ্ঠানটি শিলচর সহ দেশের ১১টি রাজ্যের ১১টি প্রেক্ষাগৃহে এক সঙ্গে, এক ই সময়ে অনুষ্ঠিত হবে। অনুষ্টান শুরু হবে সকাল ১১টায়।

=====০০০০০০=====